# অমর একুশে বইমেলা শুরু আজ থেকে

**নিজস্ব বার্তা পরিবেশক:** : বুধবার, ০১ ফেব্‌রুয়ারী ২০২৩



আজ থেকে শুরু হচ্ছে অমর একুশে বইমেলা ২০২৩। বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানে মাসজুড়ে চলবে এ মেলা।

বুধবার (১ ফেব্‌রুয়ারি) বিকাল তিনটায় বাংলা একাডেমি প্রাঙ্গণে বইমেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বাংলা একাডেমি প্রকাশিত সাতটি নতুন বইয়ের মোড়ক উন্মোচন এবং বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২ প্রদান করবেন।

করোনা মহামারির জন্য গত দুই বছর মেলা নির্দিষ্ট সময়ে হতে পারেনি। এ বছর মাসজুড়ে চলবে মেলা। এ বছর আঙ্গিক ও বিন্যাসেও পরিবর্তন এসেছে, বেড়েছে নতুন প্রকাশক এবং স্টলের সংখ্যা। গত বছর প্যাভিলিয়নের সংখ্যা ছিল ৩৫। এবার প্যাভিলিয়ন হচ্ছে ৩৮টি।

সম্প্রতি কাগজের দাম বেড়ে যাওয়ায় বইয়ের মূল্য কিছুটা বাড়ছে বলে জানিয়েছেন প্রকাশকেরা। কিন্তু এতে বই প্রকাশ কম হবে না বলে ধারণা করা হচ্ছে স্টল বরাদ্দের হিসাবে। এ বছর মেলায় অংশ নিচ্ছে ৬০১টি

প্রতিষ্ঠানকে ৯০১টি স্টল বরাদ্দ দেয়া হয়েছে। থাকছে ৩৮টি প্যাভিলিয়ন। শিশুচত্বরটির এবার মন্দির-গেটে প্রবেশের ঠিক ডান দিকে রাখা হয়েছে।

ডিএমপি জানায়, উদ্বোধনী অনুষ্ঠান ও বইমেলা ঘিরে পাঁচ স্তরের নিরাপত্তা জোরদার করা হয়েছে। মেলার এলাকাজুড়ে তিন শতাধিক ক্লোজসার্কিট ক্যামেরা বসানো হয়েছে।

মাসব্যাপী শুরু হতে যাওয়া অমর একুশে বইমেলা ২০২৩–এর সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করবে বাংলাদেশ পুলিশ, র‍্যাব, আনসার, বিজিবি ও গোয়েন্দা সংস্থাগুলো। নিরাপত্তার জন্য মেলা এলাকাজুড়ে তিন শতাধিক সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছে মেলা আয়োজক কমিটি। এবারের বইমেলা পলিথিন ও ধূমপানমুক্ত রাখার ঘোষণা দেওয়া হয়েছে।